

## ■■ আল ইরশাদ-সহীহ আকীদার দিশারী

বিভাগ/অধ্যায়ঃ خاتمة في التحذير من البدع – বিদআত থেকে সতর্ক করণার্থে একটি পরিশিষ্ট রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

ত্র \_ বিদ্যাতের সংজ্ঞা \_ বিদ্যাতের সংজ্ঞা

বিদআত শব্দটি আরবী البدع। শব্দ থেকে গৃহীত হয়েছে। এর অর্থ হল পূর্বের কোনো দৃষ্টান্ত ও নমুনা ছাড়াই কোনো কিছু সৃষ্টি করা ও উদ্ভাবন করা। যেমন আল্লাহ তা আলা বলেন,

"পূর্বের কোনো নমুনা ব্যতীত আল্লাহ তা'আলা আকাশ ও জমিন সৃষ্টি করেছেন"। (সূরা বাকারা: ১১৭) তিনি আরো বলেন,

"হে নবী! আপনি বলে দিন, আমি প্রথম রসূল নই"। (সূরা আহ্কাফ: ৯)

অর্থাৎ মানুষের জন্য আল্লাহর পক্ষ হতে আমিই প্রথম রিসালাতের দায়িত্ব নিয়ে আসিনি; বরং আমার পূর্বে আরও অনেক রসূল আগমন করেছেন। বলা হয়ে থাকে ابتدعة فلان بدعة » অমুক ব্যক্তি বিদআত তৈরী করেছে। অর্থাৎ এমন পথ আবিস্কার করেছে, যা পূর্বে ছিল না। ইসলামের পরিভাষায় বিদআত বলা হয় দীনের মধ্যে এমন বিষয় তৈরী করাকে, যা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও খোলাফায়ে রাশেদার যুগে ছিল না বরং পরবর্তীতে উদ্ভাবন করা হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13313

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন